



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd



নং-২৮.০০.০০০০.০১৩.৯৮.০১৬.২২-৩৫

তারিখ: ২৬ পৌষ, ১৪২৯
১০ জানুয়ারি, ২০২৩

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২.১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার ২.১ সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১(এক) ফর্দ।

M. M. Rahman
১০/০১/২০২৩
(এ কে এম মিজানুর রহমান)

উপসচিব

ফোন: ২২৩৩৮৯০৫৮

ইমেইল: dsadmin3@emrd.gov.bd

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্ম পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে গঠিত পরিবীক্ষণ কমিটি'র ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর'২২) প্রতিবেদন।

পরিবীক্ষণ কমিটির কর্মকর্তাগণ:

- ১) জনাব মোঃ আঃ খালেক মল্লিক, অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) জনাব মোহাম্মদ ইলিয়াস হোসেন, যুগ্মসচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) জনাব এ কে এম মিজানুর রহমান, উপসচিব (প্রশাসন-৩), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) জনাব মোঃ মাকবুল আলম, প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।


জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্ম পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে গত ২৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখে ত্রৈমাসিক পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের স্বার্থে কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি কর্মপরিধি অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে প্রতি তিন মাস অন্তত একটি করে ৪টি পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করবে এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্ম পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে। সে পরিপ্রেক্ষিতে ২৮/১২/২০২২ তারিখ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় কমিটির সদস্যগণ ২য় সভায় মিলিত হয় এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করে।


২। কমিটির কার্যক্রম:


কমিটি গত তিন মাসে (অক্টোবর-ডিসেম্বর'২০২২) এ বিভাগে দাখিলকৃত অনলাইন ও হার্ড কপিতে প্রাপ্ত অভিযোগের বিষয়ে আলোচনা করে। আলোচনায় জানানো হয়, গত তিন মাসে যে সকল অভিযোগ পাওয়া গিয়েছে সকল অভিযোগ নির্দিষ্ট সময়ের মধ্যেই নিষ্পত্তি করা হয়েছে। বিগত তিন মাসের মধ্যে অক্টোবর'২০২২ মাসে ওয়েবসাইটের মাধ্যমে ৪টি অভিযোগ পাওয়া গিয়েছে এবং সবগুলো অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তবে, প্রচলিত পদ্ধতিতে কোন অভিযোগ পাওয়া যায়নি। নভেম্বর'২০২২ মাসে ওয়েবসাইটের মাধ্যমে ১৮টি অভিযোগ পাওয়া গিয়েছে এবং সবগুলো অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রচলিত পদ্ধতিতে কোন অভিযোগ পাওয়া যায়নি।


০৩। কমিটির মন্তব্য/সুপারিশ:

ক্রম	মন্তব্য/সুপারিশ	বাস্তবায়নে
৩.১	এ বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহে দাখিলকৃত যে কোন অভিযোগ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে;	এ বিভাগের জিআরএস ফোকাল পয়েন্ট।
৩.২	অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে কোন প্রতিবন্ধকতা/সীমাবদ্ধতা পরিলক্ষিত হলে এ বিভাগকে অবহিত করতে হবে;	আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ
৩.৩	যে কোন অভিযোগ নিষ্পত্তি করার পর তা আবশ্যিকভাবে এ বিভাগকে অবহিত করতে হবে;	আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ
৩.৪	অভ্যন্তরীণ প্রশিক্ষণের অংশ হিসাবে দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণ-কে সুশাসনের পাঁচটি উপকরণের উপর প্রশিক্ষণ প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।	আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ


(মোঃ মাকবুল আলম)
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


(এ কে এম মিজানুর রহমান)
উপসচিব (প্রশাসন-৩)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


(মোহাম্মদ ইলিয়াস হোসেন)
যুগ্মসচিব (প্রশাসন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


(মোঃ আঃ খালেক মল্লিক)
অতিরিক্ত সচিব (প্রশাসন)